অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/5/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে দেশে প্রথমবারের মত এক্সেলসিয়র পাস ফেডারেল এবং স্টেটের কোভিড-19 নির্দেশিকার ভিত্তিতে মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেটগুলি দ্বারা প্রদত্ত পাসের যাচাইকরণ করবে

বিনামূল্য, নিরাপদ, সুরক্ষিত ইন্টারস্টেট গ্রহণযোগ্যতার জন্য হালনাগাদকৃত স্ক্যানার উপলভ্য

চালু হওয়ার পর থেকে 5.6 মিলিয়নের বেশি এক্সেলসিয়র পাস এবং এক্সেলসিয়র পাস প্লাস দেওয়া হয়েছে; যেসব নিউ ইয়র্কবাসী নিউ জার্সি বা ভারমন্টে টিকা গ্রহণ করেছেন এখন তারাও পাস পাওয়ার যোগ্য

এখন পর্যন্ত 145,000 এর বেশি এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ ডাউনলোড করা হয়েছে যা নিউ ইয়র্ক জুড়ে ব্যবসাগুলোর সমন্বয়ের প্রতিনিধিত্ব করে; ব্যবসার জন্য নতুন মার্কেটিং সম্পদ এখানে উপলভ্য

এক্সেলসিয়র পাস সম্পর্কে আরও জানতে এবং ডাউনলোড করতে এখানে দেখুন

গভর্নর ক্যাথি হোচুল আজকে নিউ ইয়র্ক স্টেটের এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপের আপডেটের ঘোষণা দিয়েছেন - যা ব্যবসার জন্য বিনামূল্য সহযোগী অ্যাপ - যা ফেডারেল এবং স্টেটের কোভিড-19 নির্দেশিকার ভিত্তিতে বিশ্বস্ত প্রদানকারীদের প্রদত্ত স্মার্ট হেলথ কার্ড (SMART Health Cards) যাচাই করার জন্য আপডেট করা হয়েছে। জাতির মধ্যে প্রথম সমাধান, যা স্টেটের নেতৃত্বে এবং নকশায় ভ্যাকসিন ক্রেডেনশিয়াল ইনিশিয়েটিভ (Vaccine Credential Initiative, VCI) এর সহযোগিতায় তৈরি হয়েছে - যা দ্য মেয়ো ক্লিনিক (The Mayo Clinic), বোস্টন চিলড্রেনস হসপিটাল (Boston Children's Hospital), মাইক্রোসফট (Microsoft), MITRE, এবং দ্য কমন্স প্রোজেক্ট ফাউন্ডেশন (The Commons Project Foundation) সহ 800 এর বেশি সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানের একটি কোয়ালিশন - অ্যাপটির নতুন যাচাইকরণ সিস্টেম দেশজুড়ে কোভিড-19 টিকা প্রদানের ক্রেডেনশিয়ালের মান এবং গ্রহণযোগ্যতা সমর্থন করে, যা আরও বেশি মানুষকে নিরাপদে কাজে, স্কুলে, বিনোদন ক্ষেত্রে এবং ভ্রমণে ফিরতে দেবে। সমতা এবং প্রবেশাধিকারের প্রতি স্টেটের প্রতিশ্রুতির অংশ হিসাবে মাক্রিন যুক্তরাষ্ট্রের যেকোনো ব্যবসা বা ভেন্যু অ্যাপটি বিনামূল্যে ডাউনলোড করতে পারবে।

নিউ ইয়র্ক স্টেটে দেশের মধ্যে প্রথম, স্বেচ্ছাসেবী এই প্লাটফর্ম চালু করার পর থেকে এখন পর্যন্ত 5.6 মিলিয়নের বেশি এক্সেলসিয়র পাস দেওয়া হয়েছে যার মধ্যে রয়েছে 800,000 এক্সেলসিয়র পাস *প্লাস*। এক্সেলসিয়র পাস প্লাটফর্ম বর্তমানে কোভিড-19 টিকা প্রদানের প্রমাণ এবং/অথবা নেতিবাচক টেস্টের ফলাফল তিনটি ভিন্ন এক্সেলসিয়র পাস অপশনের মাধ্যমে অফার করে, পাশাপাশি ব্যক্তির কোভিড-19 টিকা প্রদানের এবং/অথবা নেতিবাচক টেস্টের ফলাফল রেকর্ডের একটি ডিজিটাল কপি তিনটি ভিন্ন এক্সেলসিয়র পাস *প্লাস* অপশনের মাধ্যমে অফার করে। নিউ ইয়র্কের বাসিন্দারা যারা নিউ জার্সি বা ভারমন্টে টিকা নিয়েছেন তারা এখন তাদের টিকা প্রদানের প্রমাণ বা টিকা প্রদানের ডিজিটাল রেকর্ড যথাক্রমে এক্সেলসিয়র পাস এবং এক্সেলসিয়র পাস *প্লাসের* মাধ্যমে পেতে পারেন।

"কোভিড-19 এর আঘাতে নিউ ইয়র্ক বিপর্যস্ত হয়েছিল, এবং অর্থনীতিকে পুনরায় চাঙ্গা করতে আমরা উদ্ভাবনী সমাধানের খোঁজে সাহসী পদক্ষেপ নিয়েছি," **গভর্নর হোচুল বলেন।**এক্সেলসিয়র পাস এবং এক্সেলসিয়র পাস *প্লাস* - দেশের প্রথম টিকাকরণ এবং নেতিবাচক টেস্ট পাস সিস্টেম - স্টেটের অর্থনীতি পুনরায় খোলা এবং নিউ ইয়র্কবাসীর জনস্বাস্থ্য সুরক্ষায় গুরুত্বপূর্ণ সরঞ্জাম হিসাবে কাজ করেছে। আমরা এই সমাধানকে আরও সম্প্রসারণ করছি - এমন পলিসি এবং অঙ্গীকারের উপর ভিত্তি করে যা নিউ ইয়র্ক ভাগাভাগি করে এবং বিশ্বাস করে, যাতে দেশজুড়ে, একটি নির্দিষ্ট মান বজায় রেখে সব ব্যবসা বিনামূল্যে পাস যাচাই করতে পারে।"

স্ক্যানার অ্যাপের যাচাইকরণের ক্ষমতার সম্প্রসারণ নিউ ইয়র্কের ব্যবসাগুলিকে পুনরায় খোলার এবং খোলা রাখার জন্য সকল সরঞ্জাম প্রদানের পাশাপাশি দেশজুড়ে সহযোগিতার একটি মডেল তৈরির প্রতি স্টেটের প্রতিশ্রুতির আরও একটি প্রমাণ। আজকের আপডেটের পর, স্ক্যানার অ্যাপটি মার্কিন যুক্তরাষ্ট্রের যেসব স্টেট স্মার্ট হেলথ কার্ড প্রদান করে তাদের প্রদত্ত পাস যাচাই করতে পারবে, যার মধ্যে রয়েছে, ক্যালিফোর্নিয়া, হাওয়াই, লুইজিয়ানা, ভার্জিনিয়া এবং শীঘ্রই ওয়াশিংটন স্টেট - যা ব্যবসাগুলিকে নিউ ইয়র্ক স্টেটের বাইরে থেকে আসা পৃষ্ঠপোষকদের জন্য সহজে, স্পর্শবিহীন এন্ট্রি প্রদানে সক্ষম করবে।

"শরত ঘনিয়ে আসায় টিকাকরণের প্রমাণ সহজে যাচাই করার জন্য একটি সরঞ্জাম তৈরিতে নিউ ইয়র্ক স্টেটের সহযোগিতা এবং নেতৃত্বের জন্য আমরা উচ্ছ্বসিত, যেহেতু এই সময়ে অভ্যন্তরীণ কার্যক্রম বৃদ্ধি পায়," **MITRE এর চিফ ডিজিটাল হেলথ ফিজিশিয়ান এবং VCI এর সহ-প্রধান ডঃ ব্রায়ান অ্যান্ডারসন বলেন।**"নিউ ইয়র্ক, ক্যালিফোর্নিয়া, ওয়াশিংটনের মোট স্টেটের একসাথে কাজ করা বিনামূল্যে উপলভ্য, ওপেন-সোর্স স্মার্ট হেলথ কার্ডস ফ্রেমওয়ার্কের (SMART Health Cards Framework) ক্ষমতা এবং আবিষ্কার, অন্তর্ভুক্তি এবং নিউ ইয়র্ক স্টেট এবং বহির্বিশ্ব জুড়ে পরস্পরের প্রতি নির্ভরতার মান প্রদর্শন করে।"

"যখন সরকারি, বেসরকারি এবং কমিউনিটি সংস্থাগুলি বিপদে সাড়া দেয় এবং সমস্যা সমাধানে একসাথে কাজ করে তখন কী ওড়জোণ করা যায় তার একটি অসাধারণ উদাহরণ নিউ ইয়র্ক স্টেটের স্মার্ট হেলথ কার্ড এবং তাদের স্ক্যানার অ্যাপের আপডেট," **মাইক্রোসফটের কর্পোরেট ভাইস প্রেসিডেন্ট এবং ডেপুটি প্রধান প্রযুক্তি কর্মকর্তা (Chief Technology Office, CTO), লিলা ট্রেটিকভ বলেন।** "কোভিড-19 এর প্রতি সাড়া দেওয়ার প্রয়োজনীয়তা

VCI সদস্যদের সীমারেখা এবং সীমানা ছাড়িয়ে উন্মুক্ত সহযোগিতার একটি সত্যিকারের বহিঃপ্রকাশে কাজ করার জন্য উদ্বুদ্ধ করে, যা এমন একটি মান তৈরি করে যা সর্বাগ্রে মানুষের গুরুত্ব দেয়। আমি নিউ ইয়র্ক স্টেটের স্মার্ট হেলথ কার্ডের এমন একটি উপায়ে ব্যবহার যা এই কাজকে সমর্থন করে, এইরূপ উদ্যোগে জন সেবায় ব্যক্তি, ব্যবসা এবং আবিষ্কারকদের কাজ করতে দেখে আনন্দিত।"

"যখন VCI স্মার্ট হেলথ কার্ডের ব্যবহার শুরু করে, তখন আমরা মানুষদের তাদের টিকাকরণের রেকর্ড একটি বিশ্বস্ত উপায়ে প্রদান করার মাধ্যমে বিশ্বকে পুনরায়, নিরাপদভাবে খোলার লক্ষ্য নিয়ে তা করি, যাতে তারা যখন, যেখানে প্রয়োজন, সেই প্রমাণ দেখাতে পারেন," **দ্য কমন্স প্রোজেক্টের সহ-প্রতিষ্ঠাতা এবং করনেল ইউনিভার্সিটির সিনিয়র গবেশক জেপি পোলাক বলেন।**দেশজুড়ে বিশ্বস্ত প্রদানকারীদের কল্যাণে, নিউ ইয়র্ক স্টেটে এবং অন্যান্যদের অংশীদারিত্ব এবং নেতৃত্ব সহ, যারা প্রযুক্তির জয়গান গাইছে এবং এর ব্যবহারের গুরুত্ব তুলে ধরছে, মার্কিন যুক্তরাষ্ট্রের 150 মিলিয়নের বেশি নাগরিকের এখন স্মার্ট হেলথ কার্ড রয়েছে। এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপের সর্বশেষ আপডেট আমার মত নিউ ইয়র্কবাসীদের - এবং পাশাপাশি মার্কিন যুক্তরাষ্ট্রের মিলিয়ন মিলিয়ন মানুষকে একটি সহজ, স্ট্রিমলাইন করা উপায়ে অর্থবহভাবে তাদের স্মার্ট হেলথ কার্ড ব্যবহার করার সুযোগ দেয়।"

স্ক্যানার অ্যাপের রুলইঞ্জিনের মাধ্যমে, বিশ্বস্ত প্রদানকারী ফ্রেমওয়ার্ক নিশ্চিত করে যে গৃহীত পাস নিউ ইয়র্ক স্টেটের পাস প্রদানের মান পূরণ করে। স্টেট এবং ফেডারেল জনস্বাস্থ্য নির্দেশিকার উপর ভিত্তি করে তৈরি সিস্টেমে রয়েছে টিকার ধরণ, সম্পূর্ণ টিকা প্রাপ্তের সংজ্ঞা, প্রিন্ট এবং ডিজিটালের মাধ্যমে প্রাপ্যতার প্রতি প্রতিশ্রুতি এবং ব্যক্তির স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের নিরাপত্তা। অ্যাপটি বিনামূল্যে অন্যান্য VCI প্রদানকারীদের প্রদত্ত স্মার্ট হেলথ কার্ড যাচাই করতে পারবে।

"মার্চ থেকে, নিউ ইয়র্ক স্টেট জুড়ে একটি সহযোগী দল দেশের প্রথম কোভিড-19 টিকাকরণ এবং নেতিবাচক টেস্ট পাস সমাধান নির্মাণের জন্য রাত দিন কাজ করেছে," **নিউ ইয়র্ক স্টেটের প্রধান প্রযুক্তি কর্মকর্তা এবং ডেপুটি প্রধান তথ্য কর্মকর্তা রাজিভ রাও বলেন।** "আজকে NYS এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপের আপডেট দেশজুড়ে ব্যক্তি এবং সংস্থা, ব্যবসা এবং ভেন্যুগুলির জন্য এর প্রসারের ক্ষমতা বৃদ্ধি করে। ফেডারেল এবং স্টেটের কোভিড-19 নির্দেশিকার উপর ভিত্তি করে তৈরি প্রথম যাচাইকরণ সিস্টেম এবং রুলসইঞ্জিন হিসাবে, আমরা নতুন, বিনামূল্য, উপলভ্য ডিজিটাল অবকাঠামো তৈরি করছি যা আমাদের সবাইকে কাছে নিয়ে আসে - এবং আমাদের বহু দিন ধরে মিস করা মানুষ এবং জিনিসের কাছেও নিয়ে আসে।"

"ডিজিটালভাবে যাচাইযোগ্য টিকাকরণ রেকর্ড যাচাইয়ের ওপেন ফ্রেমওয়ার্কের প্রতি প্রতিশ্রুতির জন্য আমরা নিউ ইয়র্ক স্টেটকে সাধুবাদ জানাই," **ক্যালিফোর্নিয়া ডিপার্টমেন্ট অফ টেকনোলজির (California Department of Technology) প্রধান প্রযুক্তি আবিষ্কার কর্মকর্তা রিক ক্লাউ বলেন।**"একটি জাতীয়, ইন্টারঅপারেবল সিস্টেম যা বাসিন্দা এবং ব্যবসার জন্য টিকাকরণ তথ্যের যাচাইকরণ সহজ করে তোলে সেই লক্ষ্যে এই মুক্তি একটি গুরুত্বপূর্ণ ধাপ।"

"টিকাকরণ যাচাই যাতে আরও সহজে এবং কার্যকরভাবে করা যায় তা এই প্রযুক্তি নিশ্চিত করতে সহায়তা করবে," **ওয়াশিংটন স্টেটের গভর্নর জে ইন্সলি বলেন।**"আমি আনন্দিত যে ওয়াশিংটন এই প্রযুক্তি এবং স্মার্ট হেলথ কার্ড সেবা আরও বেশি মানুষের কাছে পৌঁছে দেওয়ার জন্য অন্যান্য স্টেটের সাথে অংশীদারিত্ব করতে সক্ষম। এই সরঞ্জামটি আমাদের কোভিডের সংক্রমণ রোধে এবং আরও জীবন বাঁচাতে সহায়তা করবে।"

আজ পর্যন্ত, এক্সেলসিয়র স্ক্যানার অ্যাপ 145,000 এর বেশি বার ডাউনলোড করা হয়েছে - যা নিউ ইয়র্কের ব্যবসাগুলির জন্য নিরাপদে এবং স্মার্টভাবে পুনরায় খোলার ক্ষেত্রে এর গুরুত্ব তুলে ধরে। নিউ ইয়র্কের ভেন্যুসমূহ, যেমন নিউ ইয়র্ক ফ্যাশন উইক (New York Fashion Week), হাইমার্ক স্টেডিয়ামে (Highmark Stadium) বাফেলো বিলস (Buffalo Bills), এবং লং আইল্যান্ড ইউনিভার্সিটিতে (Long Island University) টিলেস সেন্টার (Tilles Center) তাদের সম্প্রতিক এবং আসন্ন অনুষ্ঠানে এক্সেলসিয়র পাস এবং এক্সেলসিয়র পাস *প্লাসের* ব্যবহারের ঘোষণা দিয়েছে। নিউ ইয়র্কের ছোট বড় ব্যবসাগুলি যেগুলি গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত খাতের অংশ, তারা স্টেটজুড়ে এক্সেলসিয়র পাস ব্যবহার করেছে এবং করা চালিয়ে যাচ্ছে।

নিউ ইয়র্কের যেকোনো ব্যবসা, ভেন্যু, বা সংস্থা তাৎক্ষনিকভাবে এক্সেলসিয়র পাস এবং/অথবা এক্সেলসিয়র পাস *প্লাস* গ্রহণ শুরু করতে পারে অ্যাপল অ্যাপ স্টোর (Apple App Store) বা গুগল প্লে স্টোর (Google Play Store) থেকে বিনামূল্য, যাচাইযোগ্য NYS এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ ডাউনলোড করার মাধ্যমে এবং একটি ছোট নিবন্ধন ফর্ম পূরণের মাধ্যমে। ব্যবসাগুলির জন্য এক্সেলসিয়র পাস এবং এক্সেলসিয়র পাস *প্লাস* সম্পর্কে আরও তথ্য এখানে পাওয়া যাবে। ব্যবসাগুলির জন্য নতুন মার্কেটিং সম্পদ এখানে পাওয়া যাবে। এই অ্যাপের উদ্দেশ্য কেবল ব্যবসাগুলির জন্য এন্ট্রি প্রদানের উদ্দেশ্যে স্মার্ট হেলথ কার্ড ফ্রেমওয়ার্কের বিপরীতে বিশ্বস্ত প্রদানকারীদের প্রদত্ত টিকাকরণের প্রমাণ এবং/অথবা কোভিড-19 এর নেতিবাচক টেস্টের প্রমাণ যাচাই করা।

আগ্রহী নিউ ইয়র্কবাসীরা তাদের বিনামূল্য পাস সংগ্রহ করতে আজই epass.ny.gov ভিজিট করতে পারেন এবং আরও তথ্য জানতে এখানে যেতে পারেন। নিউ ইয়র্কবাসীদের জানা উচিৎ যে একটি এক্সেলসিয়র টিকাকরণ পাস *প্লাস* একজন ব্যক্তির টিকাকরণের রেকর্ডের একটি নিরাপদ, ডিজিটাল কপি, এবং তাই, এর কোন মেয়াদোত্তীর্ণের তারিখ নেই। এক্সেলসিয়র টিকাকরণ পাস একজন ব্যক্তির প্রারম্ভিক টিকা সিরিজের টিকার সর্বশেষ ডোজ প্রদানের তারিখ থেকে 365 দিনের জন্য বৈধ। যারা মে মাসে এই আপডেটের পূর্বে তাদের এক্সেলসিয়র টিকাকরণ পাস পেয়েছেন, তারা যেকোনো সময়ে epass.ny.govথেকেএকটি নতুন পাস নিতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন